

ঢাবি ছাত্রলীগের কমিটি ভেঙে দেয়া হয়েছে

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ছাত্রলীগের ঢাকা:বিশ্ববিদ্যালয় শাখা কমিটি ভেঙে দেয়া হয়েছে। দু'একদিনের মধ্যেই নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হবে বলে ছাত্রলীগ সূত্রে জানা গেছে।

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার নির্দেশে সোমবার রাত্রে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা কমিটি ভেঙে দেয়া হয়। এর আগে ছাত্রলীগ সভাপতি লিয়াকত নিকদার ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু মুখ্য সন্দেহে শেখ হাসিনার সঙ্গে দেখা করতে গেলে তিনি এ নির্দেশ দেন।
কমিটি: ১১ ক: ৩)

কমিটি : ছাত্রলীগের

(১ম পৃষ্ঠার পর)

দু'একদিনের মধ্যে আহ্বায়ক কমিটি গঠনের নির্দেশ দেয়া হয়েছে।

এদিকে আহ্বায়ক কমিটিতে স্থান পেতে নেতাকর্মীরা আওয়ামী লীগ নেতাদের বাসায় জোর লবিং চালাচ্ছেন। আহ্বায়ক কমিটিতে যাদের নাম শোনা যাচ্ছে তারা হলেন কেন্দ্রীয় সহ-সভাপতি আমিনুল ইসলাম আমিন, কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক খলিলুর রহমান, কেন্দ্রীয় সদস্য আলমগীর হুসান, কেন্দ্রীয় সদস্য মুশতাক আহমেদ শিমুল, ঢাবি সাংগঠনিক সম্পাদক শাহজাহান শিশির, কেন্দ্রীয় সহ-আন্তর্জাতিক সম্পাদক তাইজউদ্দিন তাজ, ঢাবি প্রচার সম্পাদক আশরাফুর রহমান।

তবে তাদের মধ্যে খলিলুর রহমান, আমিনুল ইসলাম ও তাইজউদ্দিন তাজ অছাত্র বলে জানা যায়। আবার শাহজাহান নিরাজের বিরুদ্ধে ৩৬টি মামলা রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতাকর্মী ও হল শাখার নেতাকর্মীরা অছাত্র হতা মামলার আশামিদের বাদ দিয়ে আহ্বায়ক কমিটি গঠনের দাবি জানিয়েছে।

এদিকে ছাত্রলীগের আহ্বায়ক কমিটি নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস উত্তণ্ড হয়ে উঠেছে। প্রতিদিন বিভিন্ন গ্রুপ ক্যাম্পাসে গোড়ান করাচ্ছে।